অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে এই সপ্তাহিক ছুটির দিনে সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও গ্রীষ্মমন্ডলীয় ঝড়ের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন

প্রাথমিকভাবে শনিবারে, পূর্ব উপকূলের দিকে অগ্রসর হওয়া সম্ভাব্য গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড়টি নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং মিড-হাডসন অঞ্চলে দুই ইঞ্চি বা তার বেশি বৃষ্টিপাত এবং উচ্চ বাতাসের সাথে প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে

নিউ ইয়র্কবাসীদের উচিত স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করা, গৃহস্থালি এবং যানবাহনকে ভারি বৃষ্টিপাতের প্রভাবের জন্য প্রস্তুত করা, যাতায়াতের সময়, বিশেষ করে বন্যা কবলিত রাস্তা ও অবকাঠামোর কাছে যাত্রার সময় বাড়তি সতর্কতা অবলম্বন করা

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে শুক্রবার সন্ধ্যার আগে থেকে শুরু হওয়া ভারী বৃষ্টিপাতের জন্য প্রস্তুত হওয়ার আহ্বান জানিয়েছেন এবং একটি সম্ভাব্য গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড় আটলান্টিকের পূর্ব উপকূলে চলে আসার কারণে শনিবার পর্যন্ত অব্যাহত থাকবে। শনিবার নিউ ইয়র্কে দুই ইঞ্চি বা তার বেশি বৃষ্টিপাতের পাশাপাশি ঘণ্টায় 30-40 মাইল বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে, যা উপকূলীয় বন্যা, সৈকতের ভাঙন এবং বিপজ্জনক রিপ স্রোতের কারণ হতে পারে। নিম্নচাপ ব্যবস্থাটি রাজধানী অঞ্চলের মতো উত্তরের কমিউনিটিগুলোকে প্রভাবিত করার সম্ভাবনা রয়েছে। নির্দিষ্ট ঝুঁকি এড়াতে অত্যন্ত সতর্কতা অবলম্বন করার জন্য, এমনকি যদি ঝুঁকিটি সতর্কতার চেয়ে ছোট হয়, গভর্নর হোকল তার প্রশাসনকে আবহাওয়ার প্রভাবের জন্য প্রস্তুত থাকতে এবং জরুরি সাড়াদানে স্থানীয় কর্মকর্তাদের সমর্থন করার জন্য তৈরি থাকতে নির্দেশনা দিয়েছেন।

"শনিবার থেকে নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ডে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাত এবং উচ্চ বাতাস বয়ে যেতে পারে বলে আশা করা হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "যেকোনো আবহাওয়া সংক্রান্ত জরুরি অবস্থার সাড়াদান এবং আমাদের স্থানীয় সরকারের অংশীদারদের সহায়তা করতে আমার প্রশাসন সম্পূর্ণ প্রস্তুত আছে। আমি সকল নিউ ইয়র্কবাসীকে নিবিড়ভাবে আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণের জন্য, এবং প্রয়োজন হলে নিজেকে ও অন্যদের সুরক্ষাদানের জন্য প্রস্তুত থাকতে তাগিদ প্রদান করছি।"

আবহাওয়া সতর্কতা ও পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা দেখার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট alerts.weather.gov পরিদর্শন করুন। নিউ

ইয়র্কবাসীদের স্টেটের বিনামূল্যের জরুরি সতর্কবার্তা ব্যবস্থা alert.ny.gov–এ NY-অ্যালার্টের জন্য সাইন আপ করতে উৎসাহ দেওয়া হচ্ছে। কাউন্টি অনুযায়ী আপৎকালীন পরিস্থিতির তথ্য টেক্সট বা ইমেলের মাধ্যমে পুশ বিজ্ঞপ্তিতে পাঠানো যেতে পারে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আমরা নিবিড়ভাবে সিস্টেমটিকে ট্র্যাক করছি। ত্রি-স্টেট অঞ্চল জুড়ে ভেজা, বাতাসযুক্ত সাপ্তাহিক ছুটির দিনগুলোর চেয়েও বেশি কিছু দেখা যাচ্ছে। এখন সম্ভাব্য বন্যার জন্য প্রস্তুতি নেওয়ার এবং শক্তিশালী বাতাসের দ্বারা প্রভাবিত হতে পারে এমন বহিরঙ্গন আইটেমগুলো সুরক্ষিত করার সময়। আপনি যদি ভ্রমণ করেন এবং এই সাপ্তাহিক ছুটির দিনে প্লাবিত সড়কপথের মুখোমুখি হন, তাহলে সেগুলোর মধ্য দিয়ে হাঁটবেন না বা গাড়ি চালাবেন না।"

স্টেট এজেন্সির প্রস্তুতি

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services)
নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের ওয়াচ সেন্টারগুলি আবহাওয়া ও যাতায়াত পরিস্থিতি পর্যবেক্ষণ করছে, এবং স্থানীয় সরকারসমূহের সাথে যেকোনো সাড়াদান প্রয়োজনের সমন্বয় করছে। গ্রীষ্মমন্ডলীয় আবহাওয়ার ক্ষেত্রে বিভাগের সকল অফিস কর্মী এবং রিসোর্স দিয়ে প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation)
স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) স্টেটব্যাপী উপলভ্য প্রায় 3,500 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে আবহাওয়া পরিস্থিতিতে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,381টি বড় ডাম্প ট্রাক
- 315টি বৃহৎ লোডার
- 85টি চিপার
- 82টি হুইলড ও ট্র্যাকড এক্সক্যাভেটর
- 30টি ট্রাফিক টাওয়ার প্লাটফর্ম
- 17টি সিউয়ার জেট সহ ভ্যাকুম ট্রাক
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)
2023 সালের হারিকেন মৌসুমের অগ্রগতির সাথে সাথে থ্রুওয়ে কর্তৃপক্ষের কর্মীরা থ্রুওয়ে সিস্টেমের পূর্বাভাস এবং আবহাওয়ার প্রভাবগুলো নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে চলেছেন। থ্রুওয়ে কর্তৃপক্ষের 659 জন অপারেটর এবং সুপারভাইজার রয়েছে যারা সিস্টেম জুড়ে ঝড়ের ড্রেন সক্রিয়ভাবে পরিদর্শন করতে, সরঞ্জাম সূক্ষ্ম করতে এবং ভারী বৃষ্টিপাতের জন্য সংবেদনশীল

অঞ্চলে পাথরের ঢাল পরীক্ষা করতে প্রস্তুত রয়েছে। মোতায়েনযোগ্য সরঞ্জামগুলোর মধ্যে রয়েছে ছোট থেকে মাঝারি আকারের খননযন্ত্র, লাঙ্গল/ডাম্প ট্রাক, বড় লোডার, পোর্টেবল VMS বোর্ড, পোর্টেবল লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প এবং সরঞ্জাম বহনকারী ট্রেলার, পাশাপাশি সাইনেজ এবং অন্যান্য ট্র্যাফিক নিয়ন্ত্রণ ডিভাইস।

থ্রুওয়ে কর্তৃপক্ষ মোটরচালকদের তার মোবাইল অ্যাপটি ডাউনলোড করতে উৎসাহিত করে যা চলার সময় লাইভ ট্র্যাফিক ক্যামেরা, রিয়েল-টাইম ট্র্যাফিক তথ্য এবং নেভিগেশন সহায়তায় সরাসরি অ্যাক্সেস প্রদান করে। গাড়ি চালকরা ট্রানঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন আপ করতে পারেন যা থ্রুওয়ে বরাবর সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি সরবরাহ করে, টুইটারে @NYSThruway অনুসরণ করে এবং থ্রুওয়ে ও অন্যান্য নিউ ইয়র্ক স্টেট রোডওয়েগুলোর ট্র্যাফিক পরিস্থিতি প্রদর্শন করে একটি ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে thruway.ny.gov পরিদর্শন করতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation)
নিউ ইয়র্ক স্টেট DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এলাকা এবং আবহাওয়া পরিস্থিতি এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সকল উপলভ্য সম্পদ যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত থাকবে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে বেড়াতে আসা মানুষের উচিত parks.ny.gov ভিজিট করা, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি দেখা বা পার্কের সময়, খোলা এবং বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে যোগাযোগ করা।

জনসেবার বিভাগ (Department of Public Service, DPS)
এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 5,500 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট

পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority)
মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীরা আবহাওয়া সম্পর্কিত যেকোনো সমস্যার প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত থাকবে।

বন্যার সম্ভাবনা হ্রাস করতে এবং বন্যার যেকোনো ঘটনার প্রতিক্রিয়া জানাতে, MTA ক্রুরা বন্যা প্রবণ অঞ্চলে ড্রেনগুলো কার্যকর কিনা তা নিশ্চিত করার জন্য পরিদর্শন করবে এবং সুপারভাইজাররা দ্রুত প্রতিক্রিয়া নিশ্চিত করার জন্য বন্যার যেকোনো প্রতিবেদনের জন্য বন্যা প্রবণ অবস্থানগুলো পর্যবেক্ষণ করবেন। আবহাওয়া জনিত লিফট ও এস্কেলেটরের সমস্যা মোকাবেলায় বন্যাপ্রবণ এলাকায় লিফট ও এস্কেলেটর বিশেষজ্ঞ মোতায়েন করা হবে।

প্রবল বাতাসের ক্ষেত্রে, MTA ব্রিজ এবং টানেলগুলো পিক বাতাসের সময়কালে খালি ট্র্যাক্টর-ট্রেলার এবং ট্যান্ডেম ট্রাকের উপর নিষেধাজ্ঞা কার্যকর করতে পারে। উচ্চ বাতাসের পূর্বাভাস দেওয়া হলে সেতুগুলোতে পথচারীদের চলার পথও বন্ধ হয়ে যেতে পারে।

গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta এবং TrainTime।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)
পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে।

পোর্ট অথরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

নিউ ইয়র্কবাসীর জন্য গ্রীষ্মমন্ডলীয় ঝড়ের সুরক্ষা টিপস

সকল নিউ ইয়র্কবাসীকে জানতে হবে কিভাবে ট্রপিক্যাল ঝড়ের খবর রাখতে হয় এবং সঠিক সময়ে অ্যালার্ট পেতে হয়, যা তাদেরকে জানিয়ে দেবে সুরক্ষিত স্থানে চলে যাওয়া সহ নিরাপদে থাকার জন্য তাদেরকে কী কী করতে হবে। সঠিক সময়ে আবহাওয়া সংক্রান্ত অ্যালার্ট পাওয়ার

সর্বোত্তম উপায় হলো NY-অ্যালার্টের জন্য সাইন আপ করা, এটি একটি ফ্রি সার্ভিস, যা আবহাওয়া এবং অন্যান্য জরুরি পরিস্থিতি সংক্রান্ত অ্যালার্ট দেয়।

আপনি ও আপনার পরিবারের অন্যরা যাতে সুরক্ষিত থাকতে পারেন, তা নিশ্চিত করার জন্য এই পদক্ষেপগুলো নিতে পারেন:

- বাড়িতে আপৎকালীন পরিস্থিতির জন্য একটি পরিকল্পনা তৈরি করুন এবং সকল ক্ষেত্রেই কিভাবে পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ রাখতে হয়, তা জানুন। শহরের বাইরের বন্ধু বা পরিবারের সদস্যকে "জরুরি পারিবারিক যোগাযোগ" হিসাবে চিহ্নিত করুন এবং নিশ্চিত করুন যে পরিবারের সমস্ত সদস্যের যোগাযোগের তথ্য রয়েছে।
- একটি জরুরি মিটিং স্পট মনোনীত করুন - একটি পরিচিত স্থান যেখানে বাসস্থান অ্যাক্সেস করা না গেলে পরিবার দেখা করতে পারে।
- আপনার কমিউনিটিতে হারিকেন এবং ঝড়ের ঝুঁকি সম্পর্কে জানুন।
- আপনি যদি উপকূলীয় এলাকার কাছাকাছি বাস করেন তবে আপনার অঞ্চলের ঝড়ের জলোচ্ছ্বাসের ইতিহাস এবং আপনার কমিউনিটির সতর্কতা সংকেত এবং উচ্ছেদ পরিকল্পনা সম্পর্কে জানুন, যার মধ্যে অভ্যন্তরীণ নিরাপদ রুট এবং সরকারি আশ্রয়ের অবস্থান অন্তর্ভুক্ত রয়েছে।
- ঝড়ের সময় পোষা প্রাণীকে কোথায় স্থানান্তরিত করতে হবে তা জানুন - বেশিরভাগ আশ্রয়কেন্দ্র পোষা প্রাণীকে অনুমতি দেবে না।
- এই জিনিসগুলো হাতের কাছে রাখুন:
- পর্যাপ্ত পরিমাণে শুকনো বা পচবে না এমন খাবার ও সুপেয় জল, যা 10 দিন পর্যন্ত চাহিদা মেটাবে।
- ব্যাটারি চালিত রেডিও এবং ফ্ল্যাশলাইট ও পর্যাপ্ত পরিমাণ ব্যাটারি।
- ওষুধ সরবরাহের সাথে প্রাথমিক চিকিৎসা।
- গুরুত্বপূর্ণ ডকুমেন্ট: একটি ওয়াটারপ্রুফ কন্টেইনারে বিমার নথিপত্র, মেডিকেল রেকর্ড, ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, সোশ্যাল সিকিউরিটি কার্ড ইত্যাদি রাখুন।
- নগদ অর্থ, চেকবুক, ক্রেডিট কার্ড এবং এটিএম কার্ড।
- আপৎকালীন সময়ে যোগাযোগ করার জন্য একটি কন্ট্যাক্ট লিস্ট এবং সংগঠনের তালিকা, যাদেরকে কল করা যেতে পারে: স্কুল, চিকিৎসক, পরিষেবা প্রদানকারী এবং বিমার জন্য যোগাযোগের তথ্য।
- নিম্নোক্ত প্রতিরোধমূলক পদক্ষেপ নিন:
- আপনার বাড়িটি সঠিকভাবে সুরক্ষিত করার জন্য প্রয়োজনীয় প্লাইউডের মতো উপকরণগুলি সংগ্রহ এবং সঞ্চয় করুন।
- বৃষ্টির পানি বেড়িয়ে যাওয়ার জন্য ড্রেনেজ ব্যবস্থায় সমস্যা থাকলে তার সমাধান করুন।
- লনের মধ্যে রাখা আসবাবপত্র এবং আবর্জনা ফেলার ক্যান ও বাগানের নানা টুলের মতো জিনিসপত্র নিরাপদে রাখুন বা ভিতরে নিয়ে আসুন। ঝোড়ো হাওয়ার সময় এগুলো বাইরে থাকলে বিপজ্জনক হতে পারে। এছাড়াও গাছ এবং ঝোপঝাড় মৃত কাঠ দিয়ে ছাঁটাই করুন।
- ঝড় আঘাত হানার আগে কভারেজের পরিমাণ নির্ধারণ করতে বিমা নীতিগুলি পর্যালোচনা করুন।

- জরুরি অবস্থায় নৌকা কোথায় সরানো হবে তা নির্ধারণ করুন।
- NOAA ওয়েদার রেডিওতে জাতীয় আবহাওয়া পরিষেবা সম্প্রচার এবং স্থানীয় টেলিভিশন এবং রেডিও স্টেশনগুলোর প্রতিবেদন শুনে স্থানীয় আবহাওয়া পরিস্থিতি সম্পর্কে সচেতন হন।
- বাড়িতে কিভাবে বিদ্যুৎ সংযোগ, হিট এবং পানির সংযোগ বন্ধ করতে হয় তা জানুন।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস (Division of Homeland Security and Emergency Services, DHSES) এর ডিভিশন বিপর্যয় এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো বেশি তথ্যের জন্য ফেসবুকে, ইন্সট্রগ্রাম এবং X (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ @NYSDHSES ফলো করুন অথবা ভিজিট করুন dhses.ny.gov।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন